I 3423 200 Rs.

INDIA NON JUDICIAL

२०० रु.  Rs 200

भारत

दो सौ रुपया  TWO HUNDRED RUPEES

(১)  P fee 1/- in Up.

Admissible under Regn Rule 21 also spec.
Section....5......of WB Act/
~~Nonagricultural Tenancy~~ Act duly Stamped
~~or exempted from or does not require~~ Stamp
duty under the India Stamp Act 1899 as
also as amended by W. B. Stamp
Amendment Act XVII of 1964. 23
Schedule 1A No.........................................

FEES PAID

H 49.50
N 1.50
51/-

Joint Sub-Registrar of Alipur at Alipore.
Dist. 24 Parganas.

Dinabandhu Mukhopadhyay

J.
Rs 8000/-

Secs 5
23

A 49.50
N 1.50
51.00

মং ৮০০০, আট হাজার টাকা মূল্যের সাফ
বিক্রয় কোবালা ।
**********

| কোবালা গ্রহীতা - | কোবালা দাতা - |
|---|---|
| শ্রীপ্রফুল্ল কুমার কর্ম্মকার - | শ্রীদীনবন্ধু মুখোপাধ্যায় - |
| পিতা ৺হরলাল কর্ম্মকার - | পিতা শ্রীননী গোপাল মুখোপাধ্যায় |
| জাতি হিন্দু, পেশা চাকুরী | জাতি হিন্দু, পেশা চাকুরী - |
| সাং ৭২১, লেক টাউন, - | সাং ৪৮।৮ নং সাউথ সিঁথি রোড |
| পাতিপুকুর, থানা দমদম | থানা কাশীপুর, কলিকাতা (৫০) |
| কলিকাতা (৫৫) | |

কস্য মধ্য স্বত্ত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর বুফোত্তর বর্দ্ধমানে - পশ্চিম বঙ্গ সরকারের জমিদারী গ্রহন আইনের ৪ নং বিধি মতে রায়ত - দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত সর্ব্ব মোট

3163 Profulla Kumar Karmakar

P729, Lake Town Cal 55

3/7/63

[Seal: THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR, DIST. 24-PARGANAS]

Presented for Registration at 10/35 A. M. or P. M. on the 7th day of July 1969 at the Office of the Joint Sub Registrar Alipur at Alipur by Dinabandhu Mukhapadhya Executant or ~~Claimant or attorney~~ for........

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

Execution admitted

Dinabandhu Mukhopadhyay

........By

Dinabandhu Mukhapadhya
Son/Wife of Nani Gopal Mukhopadhya
48/8 South Sinthi Rd
Thana Cossipore
District
By Caste Hindu by Profession Service

Dinabandhu Mukhopadhyay

4690

........By

Kanti Ranjan Chakraborty
Son/Wife of Lt. Nalini Mohan Chakrabarty
West Rajapur
Thana Jadabpur
District
By Caste Hindu by Profession Business

Kanti Ranjan Chakraborty

Kanti Ranjan Chakraborty
S/o L. Nalini Mohan Chakraborty
Vill — West Rajapur
P.S. Jadavpur
Dist. 24 Parganas
Business Hindu

Rs. 8000/- as consideration is paid in my presence by Prafulla Kr Karmakar to the executant

8000/-

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

15 Rs.

পন্দ্রহ রুপয়া

ভারত

INDIA

FIFTEEN RUPEES

১৫রু. 15 Rs.



মোট কমবেশী ।• পাঁচ কাঠা বাস্তু জমি এবং তৎসংক্রান্ত কোবালা দাতার যাবতীয় স্বত্ব স্বামীত্ব দাবী দাওয়া সুযোগ সুবিধা, দখল অধিকার যায় সর্ব্ব প্রকার ইজমেণ্ট স্বত্বাদি ও বর্ত্ম স্বত্ব সমেত দরবস্তু হক হকুক সম্পত্তির সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় সাফ বিক্রয় এর কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে -

জেলা ২৪ পরগনা সাবরেজেষ্ট্রী অফিস আলিপুর এবং জেলা ২৪ পরগনা কালেক্টরীর ১০১ নং তৌজি ভুক্ত পরগনা খানপুর - রেঃ সাঃ নং ১৪, থানা সদর টালিগঞ্জ হাল যাদবপুরের সেটেলমেন্ট - জরীপের জেঃ এলঃ নং ২০ মৌজা রাজাপুর গ্রামের তৎকালীন মালিক রামতনু মুখোপাধ্যায়ের নামে এবং তাঁহার লোকান্তে তৎওয়ারেশ পুত্র রাম কুমার, হর কুমার, ভগবতী ও নব কুমার মুখোপাধ্যায়ের নামে জেলা জরীপে লিপিবদ্ধ ৩০১ নং খতিয়ান ভুক্ত সমেত প্রজা বিলি ৪.৬৮ শতক জমিতে তুল্যাংশে ওয়ারিশ স্বরুপে স্বত্ববান ও দখলিকার থাকা অবস্থায় উল্লিখিত রাম কুমারের ৷৴ং ।• চারি আনা অংশের মধ্যে

Dinabandhu Mukhopadhyay.

3163 Brofulla Kumar Kumar
P729 Lane Town. 4/55
31/7/63

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR * DIST:- 24 - PARGANAS *

Joint Sub-Registrar of Alipur at Alipur,
Dist. 24 Parganas.

(34) 1R.

INDIA

एक रुपया एक रुपया

ONE RUPEE भारत ONE RUPEE

(৩)

Dinabandhu Mukhopadhyay

মধ্যে ১আ:৬গ:২কড়া ২ক্রান্তি অংশের জমি উল্লিখিত ভগবতী মুখোপাধ্যায়ের পুত্র নিলমনি মুখোপাধ্যায়ের নিকট ও অবশিষ্ট ২ আ: ১৩গ:১ক:১ ক্রা: অংশ উল্লিখিত নবকুমার মুখোপাধ্যায়ের পুত্র তারাধন, হরিধন ও কালী নাথ মুখোপাধ্যায় দিগরের নিকট সাফ কোবালা মূলে বিক্রয় করিয়া ও বিক্রিত সম্পত্তির দখল বুঝাইয়া দিয়া চির নি:স্বত্ব হয়েন ।

উল্লিখিত হরু কুমার মুখোপাধ্যায় মহাশয় তাঁহার রকম ।• চারি আনা অংশের সম্পত্তি বাওয়ালী নিবাসী রাজকিশোর মন্ডল - দিগরের নিকট সাফ কোবালা মূলে বিক্রয় করিয়া ও বিক্রিত সম্পত্তিতে দখল দিয়া চিরনি:স্বত্ব হয়েন ।

উল্লিখিত ভগবতী মুখোপাধ্যায়ের এক পুত্র নিলমনি মুখোপাধ্যায় ও নিলমনির পুত্র নরেন্দু নাথ মুখোপাধ্যায়কে ওয়ারিশ রাখিয়া, হরিধন মুখোপাধ্যায় একমাত্র পুত্র শ্যামাপদ মুখোপাধ্যায়কে ও কালীধন -

No. 3163

Sold to Profulla Kumar Karmakar

of P 7/23, Lake Town, Cal. 55

Collectorate,

Treasury,

The 31/1/63

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR ★ DIST:- 24-PARGANAS ★

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

৩৩

Dinabandhu Mukhopadhyay

কালীধন মুখোপাধ্যায় চারি পুত্র যথা - রাধা নাথ , কিশোরী মোহন, অনাদি ভূষণ ও বিভূতি ভূষণ মুখোপাধ্যায়কে ওয়ারিশ রাখিয়া - পরলোক গমন করেন । উক্ত প্রকারে উল্লিখিত ব্যক্তিগণ উক্ত সম্পত্তিতে মালিক দখলকার থাকা অবস্থায় জেলা জরীপের রেকর্ডে তাহাদের প্রত্যেকের অংশানুযায়ী স্বত্ব রেকর্ড হয় ও তাহারা অংশানুযায়ী নিজ নিজ স্বত্ব ও দখল পরিচালনে খাসে ও প্রজা বিলি দ্বারা নিব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকা অবস্থায় উল্লিখিত রাধা নাথ মুখোপাধ্যায় পরলোক গমন করিলে তাহার ওয়ারিশ সিন্ধ ভূষণ , সুধাকর , ডালিম কুমার ও তারাবতী মুখোপাধ্যায় উক্ত সম্পত্তি তদীয় ওয়ারিশ সূত্রে নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত - হয়েন । উক্ত সম্পত্তি তাহাদের সকল স্বরীকের মধ্যে যৌথ ভাবে ভোগ দখলের অসুবিধা হইতে থাকায় উল্লিখিত সকল মুখোপাধ্যায়গণ নবকুমার মন্ডল দিগরের বিরুদ্ধে আলিপুর দ্বিতীয় সবজজ আদালতে সন ১৯৪৩ সালের ৫৮ নং এক দেওয়ানী পার্টিশানের মোকর্দ্দমা দাখিল করেন । উক্ত মোকর্দ্দমার তপশীল ভুক্ত উল্লিখিত সম্পত্তি ব্যতীত তাহাদের সমস্ত এজমালি সম্পত্তির পৃথক চিহ্নিত বাটোয়ারার প্রার্থনা থাকে । ঐ - তপশীল ভুক্ত সম্পত্তির মধ্যে (ক) তপশীলের ২ নং লটে উল্লিখিত ও নিম্ন তপশীলের সম্পত্তি লিপিবদ্ধ থাকে । উক্ত পার্টিশানের - মোকর্দ্দমায় গত ইং ৩০।৬।৪৪ তারিখে এক সোলেনামা দাখিল হয় । ঐ সোলেনামায় সকল পক্ষগনের অংশ ধার্য্যে প্রাথমিক ডিক্রি হয় কিন্তু উক্ত সোলেনামার মর্ম্ম মতে আপোষ বাটোয়ারা না হওয়ায় আদালত হইতে কমিশনার নিযুক্ত করাইয়া তাহার রিপোর্ট অনুসারে গত ইং ১১।৭।৪৫ তারিখে চূড়ান্ত ডিক্রি প্রচারিত হয় । উক্ত ডিক্রির মর্ম্ম মতে উল্লিখিত ও নিম্ন তপশীলে বর্নিত রাজাপুর মৌজার ৩০১ নং খতিয়ান লিখিত ৫৬৩ নং দাগের .৮৩ শতক জমির মধ্যে .৬৩ শতক

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
যুগ্ম অবর নিবন্ধকের মোহর
আলিপুর
DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

৪২

Dinabandhu Mukhopadhyay

শতক চিহ্নিত জমি একক নিব্যূঢ় স্বত্বে ষোল আনা রকমে খাসে প্রাপ্ত হয়েন । এবং তদনুযায়ী হাল রিভিশনাল জরিপ বার্ষিক ৩, টাকা খাজনা ধার্য্যে ৪৬৬ নং খতিয়ানে নরেন্দ্র নাথ মুখোপাধ্যায় নামে ষোল আনা রকমে রেকর্ড হইয়া চূড়ান্ত রূপে প্রকাশিত হইয়াছে এবং তিনি মালিক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে ২৪ পরগনার কালেক্টার বাহাদুরের - সেরেস্তায় খাজনা আদায়ে দখলীকার থাকা অবস্থায় তাহার সমস্ত সম্পত্তি সুষ্ঠু ভাবে পরিচালন ও ভোগ দখলের সুবিধার জন্য গত ইং ২৫।৪।৫০ তারিখে একটী ফ্যামিলি সেটেলমেন্ট ট্রাষ্ট দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া নিজে ট্রাষ্টি নিযুক্ত হয়েন । উক্ত দলিল আলিপুর ডিষ্ট্রিক্ট রেজেষ্ট্রী আফিসের ১ নং বহির ৮৪ নং ভালুমের ৬৫-৭১ পাতায় ৩৭৪৭ নং দলিল স্বরূপে লিপিবদ্ধ আছে । উক্ত দলিলে উল্লিখিত নরেন্দ্র নাথ মুখোপাধ্যায়ের মৃত্যুর পর তাহার সম্পত্তি দুই পুত্র দাশরথি ও বিজয় কুমার মুখোপাধ্যায় ও চার পৌত্র রাম লাল, রনেন্দ্র, রমেন্দ্র ও দেবব্রত মুখোপাধ্যায় বেনিফিসিয়ারী হিসাবে উক্ত দলিলের লিখিত সম্পত্তি পৃথক পৃথক ভাবে বিভাগ করিয়া রাখেন ও শ্রী শ্রীযুক্তা অন্নপূর্ণা দেবী জীবিত থাকিলে মাসিক ২০, টাকা হিসাবে পুত্রদ্বয়ের নিকট হইতে মাসোয়ারা পাইবেন এবং সমস্ত সম্পত্তি চার্জ্জ থাকিবে । নিম্ন তপশীল লিখিত সম্পত্তি উল্লিখিত সেটেলমেন্ট দলিলের (ক) তপশীলে লিপিবদ্ধ আছে এবং যাহা পুত্র দাশরথী মুখোপাধ্যায় বেনিফিসিয়ার স্বরূপে একক নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবার ব্যবস্থা থাকে । নানা কারনে অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় সকলে বিক্রয়ের যৌক্তিকতা উপলব্ধি করিয়া উক্ত সম্পত্তি বিক্রয় করিবার মনস্থ করেন কিন্তু নিকটবর্ত্তী - রাস্তার সহিত কোন সংযোগ না থাকায় পার্শ্ববর্ত্তী জমির মালিক অরুন

কুমার

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
যুগ্ম অবর নিবন্ধকের মোহর
সত্যমেব জয়তে
আলিপুর
* DIST.:- 24 - PARGANAS *

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

কুমার দে দিং ৫৬৪ নং দাগের জমির সহিত নিজ ৫৬০ নং দাগের জমির অংশ গত ইং ১৫।৬।৬৪ তারিখে এক বিনিময় দলিল সম্পাদন করিয়া লইয়া, প্রাপ্ত ৫৬৪ দাগের জমি দ্বারা প্রচলিত রাস্তার সহিত নিজ জমির সংযোগ সাধনকারী রাস্তা প্রস্তুত করতঃ খরিদ্দারগণকে উক্ত রাস্তা দিয়া যাতায়াতের স্বত্বাধিকার দিবার চুক্তিতে উক্ত জমি কয়েকটী প্লটে বিভক্ত করিয়া একটী প্লটওয়ারী প্ল্যান প্রস্তুত করাইয়া এবং উক্ত প্ল্যানে প্রত্যেকে রাস্তার জমি দেখাইয়া বিক্রয় করিবার ঘোষনা করিলে ১৯ নং ইডেন হসপিটাল রোড নিবাসী শ্রীদিলীপ কুমার দাস গুপ্ত নিম্ন তপশীলে বর্ণিত ।• পাঁচ কাঠার একটী প্লটের জমি তৎকালীন বাজার উচ্চ মূলে গত ইং ১৫।৬।৬৪ তারিখে এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া খরিদা সম্পত্তির ষোল আনা রকমে নিব্যূঢ় স্বত্বে দখল প্রাপ্ত হয়েন। উক্ত দলিল আলিপুর সাবরেজেষ্ট্রী আফিসের ১ নং বহির ১০৭ নং ভালুমের ৮৪-৯২ পাতায় ৫১৭২ নং দলিল স্বরূপে লিপিবদ্ধ আছে। উক্ত দিলীপ কুমার দাস গুপ্ত মহাশয় উক্ত প্রকারে খরিদ করিয়া মালিক সরকারে নিজ নাম পত্তন করাইয়া ধার্য্য কৃত খাজনাদি আদায়ে খাসে দখলিকার থাকা অবস্থায় টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষনা করিলে ৪৮+১।১ নং সাউথ সিথি রোড নিবাসী জনৈক গোবিন্দ কুমার মিত্র মহাশয় তৎকালীন বাজার উচ্চ মূল্যে গত ইং ১৫।১২।৬৬ তারিখে খরিদ করিয়া খরিদা সম্পত্তির খাসে দখল প্রাপ্ত হয়েন। উক্ত দলিল আলিপুর সাবরেজেষ্ট্রী আফিসের ১নং বহির ১৬৯ নং ভালুমের ১৪১-১৪৪ পাতায় ৯৩৯৫ নং দলিল স্বরূপে লিপিবদ্ধ আছে।

উক্ত গোবিন্দ কুমার মিত্র মহাশয় উক্ত প্রকারে তপশীল

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR * DIST:- 24 - PARGANAS *

যুগ্ম অবর নিবন্ধকের মোহর — আলিপুর —

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR

DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas

তপশীল লিখিত সম্পত্তি খরিদ করিয়া নিব্যূঢ় সুত্রে ষোল আনা রকমে দখল প্রাপ্ত হইয়া খাসে দখল করিতে থাকা অবস্থায় নানা প্রকার বৈধ ও সঙ্গত কারনে টাকার একান্ত প্রয়োজনে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত ৷. পাঁচ কাঠা জমি বিক্রয় করিবার ঘোষনা করিলে আমি কোবালা দাতা তৎকালীন বাজার যাচাই সর্ব্বোচ্চ মূল্যে গত ইং ১৫।৬।৬৭ তারিখে সাফ কোবালা মূল্যে খরিদ করিয়া খরিদা সম্পত্তির খাসে দখল প্রাপ্ত হইয়া দখলীকার আছি । উক্ত দলিল আলিপুর সাবরেজেষ্ট্রী অফিসের ১ নং বহির ৮৫ নং ভলুমের ৮৯-৯২ পাতায় ৪৪৮৭নং দলিল স্বরূপে লিপিবদ্ধ আছে । তপশীল লিখিত সম্পত্তির উপর বাড়ী ঘর করিতে পারিতেছি না বা আমি উক্ত জমি হইতে অনেক দূরে বসবাস - করিতেছি । উক্ত সম্পত্তি বর্ত্তমানে আমার পক্ষে রক্ষনা বেক্ষন করা বিশেষ অসুবিধা হইতে থাকায় উক্ত সম্পত্তি বিক্রয় করিবার মনস্থ করিয়া বিক্রয়ের ঘোষনা করিলে আপনি কোবালা গ্রহীতা উক্ত সম্পত্তি বাজার উচ্চ মূল্য ৮০০০, আট হাজার টাকা মূল্যে খরিদ করিবার প্রস্তাব করেন । আপনার প্রস্তাব ন্যায় সন্নত বিবেচনায় আপনার প্রস্তাবে সম্মত হইয়া আপনার নিকট হইতে অদ্য তারিখে পনের সম্পূর্ন ৮০০০, আট হাজার টাকা গ্রহন করিয়া অত্র সাফ বিক্রয় কোবালা পত্রে সহি সম্পাদন করিয়া দিয়া ও বিক্রিত সম্পত্তির খাস দখল দিয়া স্বীকার, অঙ্গীকার,প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

উল্লিখিত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত সম্পত্তি আমার নিজ অর্থে খরিদা সম্পত্তি হইতেছে এবং উহাতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব আছে এবং উক্ত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ - অবস্থায় বিক্রয় করিতে আমিই একমাত্র হকদার হইতেছি । উক্ত

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

Dinabandhu Mukhopadhyay

উক্ত জমিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব, সুযোগ সুবিধা, দখল অধিকার মায় উক্ত জমির দক্ষিনাংশে যে ১২ ফুট প্রশস্ত কমন প্যাসেজ আছে তাহার ও তাহার তলস্থ জমির যাবতীয় ইজমেন্ট স্বত্ব, জল নিকাশের অধিকার জলের পাইপ লইবার, ইলেকট্রীক ও টেলিফোনের তার লইবার অধিকার ও বর্ত্ম স্বত্বাদি সমেত দরবস্ত হকিয়তাদি আছে তৎসমুদয় আপনাকে অত্র কোবালা যোগে বিক্রয় করতঃ অদ্য তারিখে উক্ত তপশীল লিখিত জমিতে আপনাকে সম্পূর্ন রূপে খাসে দখল দিয়া উহাতে অদ্য তারিখ হইতে আমি ওয়ারিশানগণক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনি অদ্য তারিখ হইতে তৎসমুদয়ে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে নিব্যুঢ় স্বত্বে স্বত্ববান ও দখলীকার হইয়া একমাত্র মালিক স্বরূপে উক্ত জমি জমার বাবদ মালিক পশ্চিম বঙ্গ সরকারের সেরেস্তায় ও আবশ্যকীয় স্থানে আমার নামের স্থলে আপনার নিজ নাম পত্তন করাইয়া যথারীতি খাজনাদি আদায়ে অত্র কোবালা ভুক্ত আপনার খরিদা জমি জমায় ইমারতাদি নির্ম্মানে পরম সুখে ভোগ দখল করিতে বা দান বিক্রয় বন্ধকাদির সর্ব্ব প্রকার অধিকার যুক্তে মালিক স্বত্বাধিকারী হইয়া ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে নির্ব্বিঘ্নে ও যদৃচ্ছা ব্যবহার করিতে রহুন। তাহাতে কস্মিনকালেও আমি বা আমার ওয়ারিশানগণক্রমে কেহ কোন প্রকার দাবী দাওয়া ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্ব্বদা সর্ব্বথা ও সর্ব্বাদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

আমি ইতি পূর্ব্বে উক্ত তপশীল লিখিত সম্পত্তি বা তাহার কোন অংশ অপর কাহাকেও দান বিক্রয় বা বন্ধকাদির দ্বারা হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহা কোনরূপ চার্জ যুক্ত নহে। উহা কাহারও জামিনের দায়ে বা খোরপোষের দায়ে চার্জ যুক্ত নাই। উহা আমার কোন দেনার

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
যুগ্ম অবর নিবন্ধকের মোহর
আলিপুর
DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas

দেনার দায়ে কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ নাই । উক্ত জমিতে কোনরূপ প্রজা বিলি নাই । উহাতে আপনার খাস দখলের হানিজনক কোন প্রকার কার্য্য করি নাই বা করা হয় নাই । উক্ত জমি জমা হস্তান্তর বা দায় সংযুক্ত করিবার জন্য অপর কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা কাহারও নামে বেনাম করিয়া রাখি নাই বা আমি কাহারও বেনামদার নহি । উক্ত জমি জমা সম্পর্কে কোন আদালতে কোন প্রকার মোকর্দ্দমা বর্ত্তমানে বিচারাধীন নাই বা কোন লিজপেন্ডেন্স দোষ নাই । উক্ত জমি জমায় অন্য কোন সুরিক অংশীদার বা স্বার্থ সংশ্লিষ্ট - ব্যক্তি বা দাবীদার নাই । উহা কোন দেব সেবার জন্য অর্পন করি নাই বা উহাতে কোন মন্দির বা শ্মশান নাই । উহা সম্পূর্ন নির্দ্দায়, নির্দ্দোষ ও খালি অবস্থায় আছে । উক্ত জমির খাজনা ১৩৭৪ সাল তক পরিশোধ আছে । উক্ত জমির জন্য ল্যান্ড এ্যাকুইজিশন , রিকুইজিশন বা ওয়েস্ট - বেঙ্গল এষ্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট ১৯৫৩ বা অনুরূপ কোন প্রকার নোটিফিকেশান অদ্যাবধি হয় নাই ।

অত্র কোবালা পত্রে কোন প্রকার ভ্রম বা ত্রুটী থাকা ভবিষ্যতে প্রকাশ পাইলে বা অত্র কোবালা ভুক্ত বিক্রিত সম্পত্তিতে আপনার স্বত্ব দখল সুপ্রতিষ্ঠিত, বলবৎ ও দৃঢ় করিবার জন্য ভবিষ্যতে পৃথক কোন দলিলাদি সম্পাদন ও রেজেষ্ট্রী করিবার প্রয়োজন হইলে আপনার খরচায় আমি পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণক্রমে তাহাও সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিবে ।

ভবিষ্যতে অত্র কোবালা ভুক্ত বিক্রিত সম্পত্তি বা তাহার কোন অংশ সম্পূর্ন নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় থাকা প্রকাশ না পায় বা উপরোক্ত উক্তি সমূহের কোন একটী উক্তি মিথ্যা বা অসম্পূর্নথাকা প্রকাশ

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
DIST.- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

প্রকাশ পায় অথবা কোবালা দাতা আমার স্বত্ব ও দখলের ন্যূনতা, হীনতা বা দুর্ব্বলতা বশতঃ আপনি কোন প্রকারে বিক্রিত জমি হইতে স্বত্বহীন বা দখলচ্যুত হয়েন তাহা হইলে আমি বা আমার ওয়ারিশানগণ ক্রমে মাফিক আইনের আমলে আসিব ও আপনাকে অত্র কোবালা ভুক্ত বিক্রিত জমির মূল্য বাবদ সমুদয় টাকা সহ যাবতীয় ড্যামেজ ও কম্পেনসেশন বিনা - ওজরাপত্তিতে প্রদান করিতে বাধ্য থাকিব ও ওয়ারিশানগণক্রমে বাধ্য থাকিবে ।

অত্র কোবালা ভুক্ত জমি সংক্রান্ত যে সমস্ত দলিল ও কাগজ পত্র আমার নিকট ছিল তাহা নিম্নের জায় মত আপনাকে দিলাম । আর ভবিষ্যতে যদি কিছু পাওয়া যায় তাহাও আপনাকে দিয়া দিব ।

বিক্রিত জমি সম্পর্কে আমার কোন অফিস বা আদালতে সাক্ষী দিবার আবশ্যক হইলে আপনার খরচায় তথায় উপস্থিত হইয়া আপনার অনুকূলে বিনা আপত্তিতে সাক্ষী দিতে বাধ্য রহিলাম ।

অত্র কোবালা পত্রের সমুদয় সর্ত্তে আমি পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণক্রমে আপনি ও আপনার পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনের নিকট - সম্পূর্ন রূপে বাধ্য থাকিলাম ও থাকিবে ।

এতদার্থে সুস্থ শরীরে স্বজ্ঞানে সরল অন্তঃকরনে অন্যের বিনানুরোধে কোবালা দাতা আমি এই কোবালা দলিল পড়িয়া তাহার মর্ম্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া ও থাকিয়া অত্র কোবালা ভুক্ত বিক্রিত সম্পত্তির - পন বাবদ সমগ্র ৮০০০্ আট হাজার টাকা নিম্নের জায় মত নগদ বুঝিয়া পাইয়া ও তাহা প্রাপ্তি স্বীকারে আপনার বরাবর অত্র কোবালা পত্রে - যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম ইতি তাং ইং সন ১৯৬৯ সালের - ৪ঠা - - জুলাই, মোতাবেক বাংলা সন ১৩৭৬ সালের ১৯শে আষাঢ় ।

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
আলিপুর
DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at A[illegible]
Dist. 24 Parganas

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR

DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

## তপশীল (ক) বিক্রিত সম্পত্তির পরিচয় ।

জেলা ২৪ পরগনা - সাবরেজেষ্ট্রী আফিস আলিপুর এবং জেলা ২৪ পরগনা কালেক্টারীর ১০১ নং তৌজি ভুক্ত পরগনা খানপুর রে: সা: নং ১৪ থানা সদর টালিগঞ্জ হাল যাদবপুর সেটেলমেন্ট জরীপের জে: এল: নং ২৩ মৌজা রাজাপুর গ্রামের জেলা জরীপের ৩০১ নং খতিয়ান ভুক্ত সাবেক মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মোত্তর ১.৫৭ শতক জমির মধ্যে ৫৬৩ দাগের .৮৬ শতক জমির মধ্যে পৃথক চিহ্নিত .৬০ শতক জমি যাহা হাল রিভিশনাল সেটেলমেন্ট - জরীপের ৪৬৬ নং খতিয়ানে $\frac{৬২৭}{২৭৯৯}$ ছয় শত সাতাশ এর বাটা সাতাইশ শত নিরানব্বুই দাগে পশ্চিম বঙ্গ জমিদারী গ্রহন আইনের ৪ নং বিধি মতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের .৬০ শতক বাস্তু জমির মধ্যে পূর্ব বর্নিত শ্রীদিলীপ কুমার দাস গুপ্তের খরিদা দলিলের সংলগ্ন নকসায় লাল বর্ন দ্বারা চিহ্নিত - কমবেশী ।. পাঁচ কাঠা যাহার খাজনা হারাহারি মতে .৪২ পয়সা পশ্চিম বঙ্গ সরকারের সেরেস্তায় দেয় হইতেছে এবং উক্ত জমিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব, সুযোগ সুবিধা দখল অধিকার যায় উক্ত জমির দক্ষিনাংশে যে ১২´ ফুট প্রসস্ত কমন প্যাসেজ আছে তাহার ও তাহার তলস্থ জমির - যাবতীয় ইজমেন্ট স্বত্ব, জল নিকাশের অধিকার, জলের পাইপ লইবার - ইলেকট্রীক ও টেলিফোনের তার লইবার অধিকার ও বর্ত্ম স্বত্বাদি সমেত - দরবস্তু হক হকুক ইত্যাদি - যাহার চৌহদ্দি :-

উত্তর :- ৫৪৫ দাগের জমি ।

পূর্ব :- ৫৬৩ দাগের জমি যাহা কান্তি রঞ্জন চক্রবর্ত্তীর খরিদা জমি হইতেছে ।

দক্ষিন :- ৫৬১ দাগের জমি ।

পশ্চিম :- অমিয় কান্তি মুখোপাধ্যায়ের খরিদা জমি ।

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR, ALIPUR AT ALIPUR
DIST:- 24 - PARGANAS
যুগ্ম অবর নিবন্ধকের মোহর
আলিপুর

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

25

Dinabandhu Mukhopadhyay.

(খ) তপশীল টাকার জায় ।

১০০৲ টাকার নোট ৮০ খানায় ৮০০০৲ আট হাজার টাকা মাত্র ।

(গ) তপশীল দলিলের জায় ।

(১) দাতা নরেন্দ্র নাথ মুখোপাধ্যায় দিগর
গ্রহীতা দিলীপ কুমার দাস গুপ্ত -
ইং ১৫।৬।৬৪ তারিখের সম্পাদিত ৫১৭২নং কোবালা দলিল এক কেতা ।

(২) দাতা - দিলীপ কুমার দাস গুপ্ত
গ্রহীতা - গোবিন্দ কুমার মিত্র -
ইং ১৫।১২।৬৬ তারিখের সম্পাদিত ১০১৫ নং কোবালা দলিল এক কেতা ।

(৩) দাতা - গোবিন্দ কুমার মিত্র -
গ্রহীতা - দীনবন্ধু মুখোপাধ্যায়
ইং ১৫।৬।৬৭ তারিখের সম্পাদিত ৪৪৮৭ নং কোবালা দলিল এক কেতা ।

(৪) মালিক পশ্চিম বঙ্গ সরকার সেরেস্তায় দেওয়া প্রজা দিলীপ কুমার দাস গুপ্তের নাম বরাবর ১৩৭৪ সাল তক খাজনা আদায়ী দাখিলা এক কেতা ।

—0—

Dinabandhu Mukhopadhyay.

ইসাদি :-

Kanti Ranjan Chakraborti.
near Rajapur.
Calcutta 32.

Dilip Kumar Dasgupta
19. Eden Hospital Road
Cal-12

Bimal Kumar Chatterjee
42/11 Dum Dum Road
Calcutta — 30

টাইপ কারক
শ্রী সুধীর চন্দ্র দাস
আলিপুর জজ কোর্ট ।

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR. ALIPUR AT ALIPUR ★ DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.

Registered
Book No. I
Volume No. 70
Pages 74 to 82
Being No. 3423
For the year 1969

11-9-69

THE SEAL OF THE JOINT SUB-REGISTRAR. ALIPUR ★ DIST:- 24 - PARGANAS

Joint Sub-Registrar of Alipur at Alipur
Dist. 24 Parganas.
7-7-69